

## [১]‘আমদানিতে বাধা’, র্যাংগস-সনির বিরুদ্ধে অভিযোগ ব্যবসায়ীদের [২]সব অভিযোগ দ্রুত নিষ্পত্তির চেষ্টা করছে প্রতিযোগিতা কমিশন, বললেন মুনিরুজ্জামান ভূঁঞা

আমাদের নতুন সময় : 23/02/2021



শরীফ শাওন : [৩] বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের উপসচিব বলেন, র্যাংগস-সনি কোম্পানি যে সকল যন্ত্রাংশ জাপান ও সিঙ্গাপুর থেকে আমদানি করে, একই ভাবে আমদানি করায় আবু বকর গং (১৪ জন) কে বাঁধা দেওয়ার অভিযোগ করা হয়েছে। [৪] সোমবার কমিশনের কার্যালয়ে উভয়পক্ষের শুনানি কার্যক্রম শেষে মুনিরুজ্জামান ভূঁঞা বলেন, আবু বকর গংদের বিরুদ্ধে আমদানিতে কাস্টমস ফাঁকি এবং বাজারে অধিক মূল্যে পণ্য বিক্রির অভিযোগ করে র্যাংগস কর্তৃপক্ষ। বিষয়টির সত্যতা যাচাইয়ে পরবর্তী শুনানী ২২ মার্চ ধার্য করা হয়েছে। আবু বকর গংদের আমদানির বৈধ কাগজপত্র সঙ্গে আনতে বলা হয়েছে। [৫] আবু বকর গংদের দাবি, সঠিক নিয়মেই আমদানি করা হয়, যে

কোম্পানি থেকে যন্ত্রাংশ আনা হয়, অ্যাসেম্বলি শেষে তাদের নামেই বিক্রি করা হয়।

[৬] মামলাটি শুনানি করেন কমিশন চেয়ারম্যান মফিজুল ইসলাম, এসময় কমিশনের চার সদস্য উপস্থিত ছিলেন।

[৭] এছাড়াও বিএসআরএম ও ওয়াটার ট্রান্সপোর্ট সেল এর অপর দুটি মামলার শুনানির দিন ধার্য থাকলেও বিবাদি পক্ষের অনুপস্থিতির কারণে পরবর্তী দিন ধার্য করা হয়েছে। বিশ্বে নৌ-বীমার প্রিমিয়াম কম উল্লেখ করে দেশিয় বীমার প্রিমিয়াম কমানোর দাবিতে মামলা করে বিএসআরএম। [৮] কমিশনে অভিযোগের আহ্বান জানিয়ে মুনিরুজ্জামান ভূঁঞা বলেন, সুনির্দিষ্ট অভিযোগ পেলে সে বিষয়ে দ্রুত পদক্ষেপ নেওয়া যায়। আমরা নিজ থেকে কোন প্রতিষ্ঠানকে আইনের আওতায় আনতে ডাটা সংগ্রহ কষ্টসাধ্য হয়ে পড়ে। সম্পাদনা: শাহানুজ্জামান টিটু

0  
Like

0  
Recom  
Google +

### সর্বশেষ সংবাদ

বাংলাদেশের শহীদদের স্মরণ করা নিয়ে দুইটা পার্টি আছে!

‘সর্বস্তরে বাংলা ভাষার প্রচলন’ কথাটা শুনলেই সেই ‘সর্বস্তরে আরবি’র বিভীষিকার কথা মনে পড়ে যায়!

ইংরেজি সাইনবোর্ড অপসারণ করলেই কি বাংলা ভাষাকে সম্মান করা হয়?

যেভাবে ভাষার জন্য অবদান রাখা যায়

বাংলা ব্যাকরণ নামে আমরা যেসব বই পড়ছি সেসব বাংলা ভাষার বিশ্লেষণ করছে না, করছে সংস্কৃত ভাষার বিশ্লেষণ

আমরা যদি ভাষাকে আরও পরিণত করে তুলতে পারি তাহলে আমাদের চিন্তা-ভাবনা আরও স্পষ্ট এবং যথাযথ হবে

বিশ্ববিদ্যালয়-পর্যায়ে বাংলা ভাষা ব্যবহারের অন্তরায় হিসেবে যে কারণটি অন্যতম হিসেবে বিবেচিত হয় তা হচ্ছে, বাংলা ভাষায় পর্যাপ্ত বইয়ের অভাব

আমাদের উচিত, বাংলা ভাষায় মানসম্পন্ন বই লেখার প্রকল্প হাতে নেওয়া

মাতৃভাষার প্রতি রাসুল (স.) ছিলেন গভীর অনুরাগী

স্বাধীনতার ৫০ বছর পরেও কেন শিক্ষার্থীদের গাদাগাদি করে থাকতে হয়?

তুখোড় অনুসন্ধান ও মুজাক্কিরের মৃত্যু

দেশের ভালো চাইলে সব দলের, সব পেশার দুর্নীতিবাজদের বিরুদ্ধে কথা বলতে হবে

৫০ জনের পক্ষের বিরুদ্ধে রাষ্ট্রপতির কার্যক্রম